

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১৫০৫

আগরতলা, ৭ অক্টোবর, ২০২৪

উজ্জয়ন্ত প্রাসাদের বাগান সংস্কার ও পুনরুদ্ধারমূলক প্রকল্পের উদ্বোধন

রাজ্যে পর্যটন শিল্পের বিকাশে সরকার অগ্রাধিকার দিয়েছে : মুখ্যমন্ত্রী

রাজ্যের পর্যটন শিল্পের ক্ষেত্রে আজ একটি উল্লেখযোগ্য দিন। পর্যটনের বিকাশে এটি একটি নূতন সংযোজন। এতে উজ্জয়ন্ত প্রাসাদের সৌন্দর্য্য যেমন বৃদ্ধি পাবে তেমনি পর্যটকরাও অনেক আকৃষ্ট হবেন। রাজ্যে পর্যটন শিল্পের বিকাশে সরকার অগ্রাধিকার দিয়েছে। আজ আগরতলা উজ্জয়ন্ত প্রাসাদের বাগানের সংস্কার ও পুনরুদ্ধারমূলক রূপায়িত প্রকল্পের উদ্বোধন করে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা একথা বলেন। তিনি বলেন, রাজ্যে উজ্জয়ন্ত প্রাসাদের আলাদা গড়িমা এবং ঐতিহ্য রয়েছে। এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংকের অর্থানুকূল্যে এবং আগরতলা স্মার্ট সিটি লিমিটেডের তত্ত্বাবধানে এই পুনরুদ্ধার এবং পুনঃসংস্কারমূলক কাজ অতি অল্প সময়ে শেষ করা হয়েছে। এতে উজ্জয়ন্ত প্রাসাদের খোলা জায়গার উন্নতিকরণ সহ জলের ফোয়ারার পুনর্নবীকরণ, নিষ্কাশন ব্যবস্থার সংস্কার, কৃষ্ণসাগর এবং রাধাসাগরের উন্নতিকরণ, ফুডকোর্ট স্থাপন, সেলফি পয়েন্ট স্থাপন, লেইকের পাশে পর্যটকদের জন্য হাঁটার ব্যবস্থা ইত্যাদি বিভিন্ন সংস্কারমূলক কাজ করা হয়েছে।

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী আরও বলেন, বর্তমান সরকার চায় রাজ্যের প্রতিটি মানুষ সুস্থ, সুন্দর ও পরিচ্ছন্ন পরিবেশে থাকুক। তাই সরকার প্রতিনিয়ত বিভিন্ন জনকল্যাণমূলক প্রকল্প রূপায়ণে প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। তিনি বলেন, এই সরকারের কথার সঙ্গে কাজের মিল রয়েছে। রাজ্যের উন্নয়ন করতে এবং পর্যটন শিল্পকে বাইরের পর্যটকের কাছে তুলে ধরতে সরকার সদা সচেষ্ট। তিনি বলেন, ত্রিপুরার পর্যটন সম্পর্কে মানুষের চিন্তারধারার অনেক পরিবর্তন হয়েছে। বাইরের পর্যটকদের ভিড়ও এখন ত্রিপুরায় লক্ষ্য করা যাচ্ছে। এই প্রকল্প বাস্তবায়নের ফলে বাইরের পর্যটক সংখ্যা আরও বাড়বে বলে মুখ্যমন্ত্রী আশা ব্যক্ত করেন।

উল্লেখ্য, এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংকের অর্থানুকূল্যে এবং আগরতলা স্মার্টসিটি লিমিটেডের তত্ত্বাবধানে এই প্রকল্প রূপায়ণে মোট ব্যয় হয়েছে ৩৫ কোটি ৫৮ লক্ষ টাকা। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন আগরতলা পুর নিগমের কমিশনার ডা: শৈলেশ কুমার যাদব। এছাড়াও উপস্থিত ছিলেন পর্যটন দপ্তরের মন্ত্রী সুশান্ত চৌধুরী, আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার, ডেপুটি মেয়র মনিকা দাস দত্ত প্রমুখ।
